



জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

স্মারক নং- ০৭(১২৩২) জাতীঃ বিঃ/কঃপঃ/২৩৫৫৯

তারিখ : ১৮/১১/১৫

প্রজ্ঞাপন

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শিক্ষাকার্যক্রমে অধিভুক্তি প্রাপ্তির পর কলেজের নামের সাথে “বিশ্ববিদ্যালয়” শব্দটি ব্যবহার করছে যা বিধি বহির্ভূত। কোন অবস্থাতেই কলেজের নামের সাথে “বিশ্ববিদ্যালয়” শব্দটি ব্যবহার করা যাবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহ যে নামে বিশ্ববিদ্যালয় হতে প্রথম অধিভুক্তি লাভ করেছে কলেজ/প্রতিষ্ঠানসমূহকে কেবলমাত্র সেই নাম অথবা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত পরিবর্তিত নাম অনুযায়ী কলেজের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কলেজ গভর্নিং বডিসহ সকলকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের অনুমোদন ব্যতীত কলেজ/প্রতিষ্ঠানের নতুন নামকরণ, সংশোধন ও বিয়োজন করা হলে অধিভুক্তি সংক্রান্ত সংশোধিত রেগুলেশন-২০১৫ এর ২৫ ধারা অনুযায়ী সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর ড. মোঃ শামসুদ্দীন ইলিয়াস
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর